# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 22-01-2025** **Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর মেডিকেল কলেজে কর্তব্যরত চিকিৎসকের ধর্ষণ ও হত্যার মামলায় দন্ডাদেশ প্রাপ্ত সঞ্জয় রায়ের মৃত্যুদন্ডের আবেদন জানিয়ে সিবিআই, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে।

এর আগে একই দাবি নিয়ে হাইকোর্টে যায় রাজ্য সরকার।

২) সুপ্রিম কোর্টে আর জি কর মামলার শুনানি হবে আগামী ২৯ শে জানুয়ারি।

৩) সরকারি কাজে কোনোরকম ফাঁকি বরদাস্ত করা হবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

এদিন আলিপুরদুয়ারে প্রশাসনিক সভা করেছেন তিনি।

৪) রাজ্য জয়েন্ট এন্ট্রান্সের অনলাইন রেজিস্ট্রেশন আজ শুরু হয়েছে।

৫) ২০২৫/২৬ বিপনন মরশুমে কাঁচা পাটের ন্যূনতম সহায়ক মূল্য বাড়িয়েছে কেন্দ্রীয় সরকার।

৬) একাদশ তম কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের আজ সূচনা হয়েছে।

৭) কলকাতার ইডেন গার্ডেন্সে সিরিজের প্রথম টি-টোয়েন্টি ক্রিকেট ম্যাচে মুখোমুখি ভারত ও ইংল্যান্ড।

---

আর জি কর মেডিকেল কলেজে কর্তব্যরত চিকিৎসকের ধর্ষণ ও হত্যার মামলায় একমাত্র দন্ডাদেশ প্রাপ্ত সাব্যস্ত সঞ্জয় রায়ের আমৃত্যু কারাবাসের বদলে মৃত্যুদন্ডাদেশের আবেদন জানিয়ে সিবিআই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। শিয়ালদা আদালত সঞ্জয়কে আমৃত্যু কারাবাস এবং জরিমানার নির্দেশ দিয়েছিল। রাজ্য সরকারও সঞ্জয়ের সর্বোচ্চ শাস্তির দাবিতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে।

যদিও রাজ্য সরকারের আবেদনকে চ্যালেঞ্জ জানায় সিবিআই। আজ এই মামলার শুনানি হয় বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চে। সিবিআই এর বক্তব্য, তারা এই মামলার তদন্ত করছে। সিবিআইও এই মামলায় দোষী সঞ্জয় রায়ের সর্বোচ্চ শাস্তিই চেয়েছিল। কিন্তু শিয়ালদহ আদালতের রায়ের প্রেক্ষিতে নির্যাতিতার পরিবার ও সিবিআই হাইকোর্টের দ্বারস্থ না হলেও রাজ্য সরকার কিভাবে সর্বোচ্চ শাস্তির দাবি জানালো তা নিয়ে হাইকোর্টে প্রশ্ন তুলেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

তবে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্তের বক্তব্য, এই মামলাটি প্রথমে রাজ্যের পুলিশ তদন্ত করেছিল। তার পরে সিবিআইকে হস্তান্তর করা হয়। ফলে রাজ্যের আবেদন গ্রহণযোগ্য হওয়া উচিত। আগামী সোমবার এই মামলার পরবর্তী শুনানি হবে।

মুখ্যমন্ত্রী তাদের মেয়ের ন্যায়বিচার নিয়ে তৎপর না হলেও দোষী সাব্যস্ত সঞ্জয় রায়ের ফাঁসির জন্য অতি তৎপর বলে আর জি করে নিহত চিকিৎসকের বাবা মন্তব্য করেছেন। আজ বিকেলে সাংবাদিকদের তিনি বলেন, নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ

করার কোনো সিদ্ধান্ত এখনও তারা নেন নি। তবে যারা খুন ও ধর্ষণ এবং তথ্য প্রমাণ লোপাটের সঙ্গে যুক্ত সকলের যাতে সাজা হয়, সেই দাবিও করেছেন তারা।

----------------------

এদিকে আজ সুপ্রিম কোর্টে আর জি কর মামলার শুনানি হয় নি। আগামী ২৯শে জানুয়ারি বুধবার শীর্ষ আদালতের প্রধান বিচারপতির বেঞ্চ মামলাটি শুনবেন। ওই দিন দুপুর ২টোয় শুনানি হওয়ার কথা।

সঞ্জয় দোষী সাব্যস্ত হওয়ার পর এই প্রথম সুপ্রিম কোর্টে আর জি কর মামলার শুনানি হবে।

----------------------

মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে প্রসূতি এবং নবজাতকের মৃত্যুর দায়স্বীকার করে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ, নিম্নমানের স্যালাইন কারবারিদের গ্রেপ্তারি সহ একাধিক দাবীতে বাম যুব সংগঠনের বিক্ষোভ কর্মসূচিকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার পরিস্থিতির সৃষ্টি হয়। জেলা শাসকের দপ্তরের বাইরে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের তুমুল ধস্তাধস্তি শুরু হয়। ডিওয়াইএফআই এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখার্জিকেও আটকানো হলে তারা রাস্তায় বসে পড়েন। ধস্তাধস্তিতে কয়েকজন বিক্ষোভকারী ও পুলিশকর্মী অসুস্থ হয়ে পড়েছেন বলে খবর।

----------------------

সরকারি কাজে কোনোরকম ফাঁকিবাজি বরদাস্ত করা হবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন। আজ আলিপুরদুয়ারে প্রশাসনিক সভায় সর্বস্তরের আধিকারিকদের উদ্দেশে মুখ্যমন্ত্রী বলেন, প্রত্যেকটি কাজের ওপর রাজ্য সরকার নজর

রাখছে। সরকারি প্রকল্পের কাজে অর্থের লেনদেন বরদাস্ত করা হবে না বলে এদিন তিনি ফের স্পষ্ট করে দিয়েছেন।

বাইট

ডুয়ার্সে সংরক্ষিত বনাঞ্চলে পর্যটকদের ঢুকতে গাড়ি পিছু টাকা দিতে হচ্ছে, এই অভিযোগ আসার পর মুখ্যমন্ত্রী অবিলম্বে তা বন্ধ করার নির্দেশ দিয়েছেন। নির্ধারিত প্রবেশ শুল্কের বেশি কোনো টাকা নেওয়া যাবে না বলেও এদিন তিনি নির্দেশ দেন।

---------------------

বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন শুরু হচ্ছে আগামী ৫ই ফেব্রুয়ারি। বিশ্ববাংলা কনভেনশন সেন্টার এবং মেলা প্রাঙ্গন মিলিয়ে আয়োজিত ঐ সম্মেলনে দেশের শিল্পপতিদের পাশাপাশি বিদেশী লগ্নিকারীরা উপস্থিত থাকবেন। গতবারের মত এবছরও বিরাট সংখ্যক আন্তর্জাতিক প্রতিনিধি উপস্থিত থাকবেন বলে রাজ্য সরকার আশা করছে। এবার বিনিয়োগ গন্তব্য হিসাবে পর্যটন এবং সিনেমা ক্ষেত্রকে তুলে ধরা হচ্ছে। পাশাপাশি জোর দেওয়া হচ্ছে সব ধরনের শিল্পের ওপর।

---------------------

রাজ্য জয়েন্ট এন্ট্রান্সের অনলাইন রেজিস্ট্রেশন আজ শুরু হয়েছে । চলবে ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত। এ বছরের পরীক্ষা হচ্ছে ২৭ এপ্রিল। ১৭ এপ্রিল থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার্থীরা। আবেদনে কোনও ভুলভ্রান্তি থাকলে তা ২৫ ফেব্রুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারির মধ্যে মিটিয়ে নেওয়া যাবে।

---------------------

পশ্চিমবঙ্গ শ্রেষ্ঠ হয়ে উঠলে শ্রেষ্ঠ ভারত নির্মাণ নিশ্চিত করা যাবে বলে ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহা জানিয়েছেন। কলকাতায় জাতীয় গ্রন্থাগারে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্বাচিত লেখা নিয়ে একটি বই প্রকাশ করেন তিনি। বিজেপি নেতা রথীন্দ্র বোস এই সংকলনটি তৈরি করেছেন। শ্রী সাহা বলেন, দেশের উন্নয়নের ক্ষেত্রে প্রধানমন্ত্রী সবসময় উত্তর পূর্বের উন্নয়নের ওপর জোর দিয়েছেন। ত্রিপুরার যেভাবে উন্নয়ন হয়েছে, পশ্চিমবঙ্গেও একইভাবে তা হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

---------------------

সরকার আজ ২০২৫-২৬ বিপণন মরশুমে কাঁচা পাটের জন্য ন্যূনতম সহায়ক মূল্য- MSP-র পরিমাণ বৃদ্ধির কথা ঘোষণা করেছে। নতুন দিল্লিতে আজ মন্ত্রিসভার সিদ্ধান্তের বিষয়ে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেন, প্রতি কুইন্ট্যাল কাঁচা মালের ক্ষেত্রে MSP হবে ৫'হাজার ৬৫০ টাকা, যা ২০২৪-২৫ বিপণন মরশুমের তুলনায় ৩১৫ টাকা বেশী। এই সিদ্ধান্তের ফলে পাট শিল্পের ওপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল ৪০ লক্ষ কৃষক পরিবার উপকৃত হবে।

মন্ত্রী জানান, কেন্দ্রীয় মন্ত্রিসভা, জাতীয় স্বাস্থ্য মিশন- NHM-এর অগ্রগতির দিকটি পর্যালোচনা করেছে। এর মেয়াদ আরো দু-বছর বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
২০২১ সালে জাতীয় স্বাস্থ্য মিশনের কার্যকালের সময়সীমা পাঁচ বছর বাড়িয়ে ২০২৬ পর্যন্ত করা হয়েছিল।

---------------------

পশ্চিম শহরতলির ট্যাংরায় হেলে পড়া বহুতলটি ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে কলকাতা পুরসভা। বাসিন্দাদের অন্যত্র সরে যেতেও বলা হয়েছে।

উল্লেখ্য, ট্যাংরার ক্রিস্টোফার রোডে আজ সকালে নির্মীয়মান বহুতলটি একদিকে হেলে পড়ে। এলাকায় যান মেয়র পারিষদ সন্দীপন সাহা। আগামীকাল থেকে বহুতলটি ভাঙার কাজ শুরু হবে বলে পুলিশ সূত্রে খবর। কিছুদিন আগেই বাঘাযতীন কলোনীতে একটি বহুতল হেলে পড়ার পর কলকাতা পুরসভার তরফে সেটি ভেঙে ফেলা হয়।

এদিকে, এই ঘটনায় পুরসভার সংশ্লিষ্ট এলাকার বিল্ডিং সার্ভেয়ার এবং ইঞ্জিনিয়ারকে শোকজ করা হয়েছে বলে পুরমন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। কলকাতার প্রায় ৩০ টি বাড়ি হেলে পড়া অবস্থায় রয়েছে বলেও সাংবাদিকদের জানিয়েছেন মেয়র।

বাইট

---------------------

বাংলাদেশে অস্থিরতার সুযোগে এরাজ্য দিয়ে অনুপ্রবেশের আশঙ্কার প্রেক্ষিতে উত্তর ২৪ পরগণার গাইঘাটায় ভারত বাংলাদেশ সীমান্তে কাঁটাতার লাগাতে উদ্যোগী হয়েছে প্রশাসন। এ বিষয়ে গতকাল বিকেলে গাইঘাটার বিডিও অফিসে বিএসএফ এবং রাজ্য প্রশাসনিক কর্তাদের মধ্যে বৈঠক হয়। গাইঘাটা সীমান্তে কিভাবে দ্রুত কাঁটাতার দেওয়া যায়, সেই বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

উল্লেখ্য, গাইঘাটার বিভিন্ন সীমান্ত পথে প্রায়শই মাদক পাচার, অনুপ্রবেশের ঘটনায় ঘটছে।

---------------------

একাদশতম কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের আজ সূচনা হয়েছে। নন্দন এক-১ আজ সন্ধ্যায় উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ

বিশ্বাস, ইন্দ্রনীল সেন ,শশী পাঁজা, ফিরহাদ হাকিম। দুই শিশু শিল্পী তাইও চ্যান ও তোত্তো চ্যান প্রদীপ জ্বালিয়ে উৎসবের উদ্বোধন করে। সাত দিনব্যাপী এই উৎসবে তিরিশটি দেশের ১১৬ টি শিশু চলচ্চিত্র প্রদর্শিত হবে। নন্দন এক দুই তিন, রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, চলচ্চিত্র শতবার্ষিকী ভবন, রবীন্দ্র ওকাকুরা ভবন এই ৮টি প্রেক্ষাগৃহে ছবি দেখানো হবে। এছাড়াও একতারা মুক্তমঞ্চে প্রতিদিন সন্ধ্যা ছটায় একটি করে বিশ্বমানের শিশু চলচ্চিত্র প্রদর্শিত হবে। অনুষ্ঠানে বিশিষ্ট চিত্র পরিচালক গৌতম ঘোষ বলেন, প্রযোজকদের শিশু চলচ্চিত্র নির্মাণে বিনিয়োগ করতে এগিয়ে আসা প্রয়োজন। শিশু চলচ্চিত্রের প্রচার প্রসারে সরকারের এই উদ্যোগকে তিনি সাধুবাদ জানান।

বাইট

ধ্রুব হর্ষ পরিচালিত গুজরাটি ভাষার ছবি এলহ্যাম উদ্বোধনী অনুষ্ঠানে প্রদর্শিত হয়।

---------------------

ইডেনে সিরিজের প্রথম টি-টোয়েন্টি ম্যাচে আজ ভারত টসে জিতে ইংল্যান্ডকে ব্যাট করতে পাঠিয়েছে। শুরুতেই ইংল্যান্ড ব্যাটিং বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

---------------------

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের ট্র্যাফিক ও পাওয়ার ব্লকের জন্য আগামীকাল (২৩শে জানুয়ারি) থেকে রবিবার ২৬ শে জানুয়ারি পর্যন্ত ওই ডিভিশনের বেশকিছু EMU লোকাল বাতিল থাকবে। ওই সময়কালে ব্যান্ডেল ও হাওড়ার মধ্যে

চলাচলকারী ১৫ জোড়া, শেওড়াফুলি থেকে হাওড়ার মধ্যে ১১ জোড়া, বেলুড় মঠ এবং শ্রীরামপুর থেকে হাওড়ার জন্য দু’জোড়া করে ট্রেন বাতিল থাকছে।

ব্যান্ডেল-হাওড়া মাতৃভূমি লেডিস স্পেশাল’ও এই দিনগুলিতে বাতিল থাকবে। এর পরিবর্তে একটি ডাউন প্যাসেঞ্জার স্পেশাল, ব্যান্ডেল থেকে একই পথে রওনা হবে। হাওড়া ও ব্যান্ডেল এর মধ্যে এই সময় চারজোড়া প্যাসেঞ্জার স্পেশাল চালানো হবে।

উল্লেখ্য, বেনারস ব্রিজের কাজের জন্য গত একমাস ধরে ওই লাইনে একগুচ্ছ লোকাল ট্রেন বাতিল রয়েছে। এই সিদ্ধান্তের ফলে যাত্রীদের দুর্ভোগ বাড়বে বলে আশঙ্কা করা হচ্ছে।

--------------------- ---------------------